

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ/০১ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ০৩-আইন/২০১৫।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ৭৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের “হিসাব শাখা” শিরোনামাধীন অংশের—

(ক) ক্রমিক নং (১) এ উল্লিখিত “হিসাবরক্ষণ কর্মকর্তা” পদের বিপরীতে কলাম ৬ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিষ্ঠাপিত হইবে, যথা :—

“সরাসরি : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যুন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ’তে স্নাতকোভ ডিগ্রী অথবা ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। হিসাবরক্ষণ কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এস.এ.এ, ডিগ্রীধারীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

(৭৯)  
মূল্য : টাকা ৪.০০

পদোন্নতি : হিসাবরক্ষক পদে ন্যূনতম ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা। চাকুরীর  
বৃত্তান্ত সন্তোষজনক হইতে হইবে।”;

- (খ) ক্রমিক নং (২) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লিখিত এন্ট্রিসমূহ  
বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে এম মোজাম্বেল হক  
অতিরিক্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)